[redacted]

[redacted]

[redacted]

ছাত্রাবাসে গণধর্ষণের ঘটনায় শিক্ষার্থীদের সড়ক অবরোধ, বিক্ষোভ

সিলেটের এমসি কলেজে ছাত্রাবাসের একটি কক্ষে গৃহবধূ ধর্ষণের ঘটনায় আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা।

শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে এমসি ও সরকারি কলেজের প্রায় শতাধিক শিক্ষার্থীরা কলেজের সামনে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। অপ্রীতিকর ঘটনা এড়াতে কলেজ ও ছাত্রাবাসে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।

শিক্ষার্থীর অভিযোগ করেন, করোনা পরিস্থিতিতে কলেজ বন্ধ থাকার পরেও ছাত্রাবাস কীভাকে খোলা রাখেন কলেজ কর্তৃপক্ষ? এসব অপরাধ কর্মকাণ্ডের বিষয়ে কলেজ কর্তৃপক্ষের অবগত থাকার পরেও কেন ছাত্রাবাস বন্ধ করে দেয়া হল না। আজ আমাদের ঐতিহ্যবাহী বিদ্যাপিঠে কলঙ্কের দাগ লেগেছে।

এসময় শিক্ষার্থীরা ধর্ষণের ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারের দাবি জানান। অন্যথায় তারা আরও কঠোর কর্মসূচি ঘোষণা করবেন বলে জানান।
বিডি প্রতিদিন

গণধর্ষণের আসামি ছাত্রলীগের সাইফুরের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা

সিলেটের এমসি কলেজ ক্যাম্পাস থেকে ছাত্রাবাসে তুলে নিয়ে স্বামীকে বেঁধে স্ত্রীকে গণধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলার আসামি ছাত্রলীগ ক্যাডার এম. সাইফুর রহমানের বিরুদ্ধে অস্ত্র আইনেও আরেকটি মামলা

হয়েছে। গণধর্ষণের ঘটনার পর শুক্রবার রাত ২টার দিকে এমসি কলেজ ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে সাইফুরের রুম থেকে একটি আগ্নেয়াস্ত্রসহ প্রচুর পরিমাণে দেশীয় ও ধারালো অস্ত্র উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় শনিবার সকালে তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

করোনার কারণে কলেজ ও ছাত্রাবাস বন্ধ থাকলেও সাইফুর রহমানসহ ছাত্রলীগের কয়েকজন ক্যাডার ছাত্রাবাসে বসবাস করতো। ছাত্রাবাসে অবস্থান করে কলেজ ক্যাম্পাস, টিলাগড় ও বালুচর এলাকায় তারা নিয়মিত ছিনতাই ও অপহরণ করতো। রাতে ছাত্রাবাসে জুয়া ও মাদকের আসরও বসাতো বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে।

এদিকে, শুক্রবার সন্ধ্যায় দক্ষিণ সুরমার শিববাড়ির এক তরুণী স্বামীকে সাথে নিয়ে এমসি কলেজ ক্যাম্পাসে বেড়াতে আসে। এসময় ছাত্রলীগকর্মী এম. সাইফুর রহমান ও শাহ মাহবুবুর রহমান রনির নেতৃত্বে স্বামী ও স্ত্রীকে পার্শ্ববর্তী কলেজ ছাত্রাবাসে তুলে নিয়ে যায় আসামিরা। পরে সেখানে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে ধর্ষণ করে তারা।

এসময় ছাত্রলীগকর্মীরা ওই তরুণীর স্বামীর প্রাইভেট কারও ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। খবর পেয়ে পুলিশ এসে স্বামী-স্ত্রী ও তাদের প্রাইভেট কার উদ্ধার করে। পরে ধর্ষনের শিকার তরুণীকে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের ওসিসিতে ভর্তি করা হয়।

ঘটনার পর রাতভর অভিযান চালালেও ধর্ষণ ও অস্ত্র মামলার আসামি সাইফুর ও তার সহেযাগী কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সূত্র- বিডি প্রতিদিন

আবারও মার্কিন বোমারু বিমানকে তাড়িয়ে দিল রাশিয়া

বাল্টিক সাগরের আকাশে মার্কিন দুটি কৌশলগত বি-৫২ বোমারু

বিমানকে প্রতিহত করেছে রাশিয়ার একটি যুদ্ধবিমান। মার্কিন বোমারু বিমান দুটি রাশিয়ার আকাশীসীমার দিকে এগিয়ে যাচ্ছিল। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় এ খবর দিয়েছে।

রুশ মন্ত্রণালয়ের ন্যাশনাল ডিফেন্স ম্যানেজমেন্ট সেন্টার শুক্রবার এক বিবৃতিতে বলেছে, মার্কিন বোমারু বিমান দুটিকে শণাক্ত করার পর সেগুলোকে বাধা দিতে একটি সুখোই এসইউ-২৭ জঙ্গিবিমান পাঠানো হয়। বাল্টিক বিমান বহর থেকে রাশিয়ার ওই জঙ্গিবিমান পাঠানো হয়। বিমানটি নিরাপদ দূরত্বে থেকে মার্কিন বিমান দুটিকে রুশ আকাশসীমার দিকে না যেতে নির্দেশনা দেয় এবং এক পর্যায়ে এস্কর্ট করে মার্কিন বোমারু বিমান দুটিকে চলে যেতে সাহায্য করে।

রুশ মন্ত্রণালয়ের এ তথ্য বার্তা সংস্থা তাস প্রকাশ করেছে। এত বলা হয়েছে, মার্কিন বিমান রুশ আকাশসীমা লঙ্ঘন করতে পারেনি। মার্কিন বিমান তাড়িয়ে দিয়ে রুশ জঙ্গিবিমানটি নিরাপদে ঘাঁটিতে ফিরে আসে।

এদিকে, শুক্রবার রাশিয়ার সশস্ত্র বাহিনীর প্রধান ভ্যালেরি গেরাসিমভ বলেছেন, রুশ সীমান্তের ২০ থেকে ৩০ কিলোমিটার দূরে আমেরিকা ও ন্যাটো বাহিনী সামরিক মহড়া চালাচ্ছে।

সূত্র- বিডি প্রতিদিন

চীন অস্ত্র দিচ্ছে পাকিস্তানকে, ড্রোনের মাধ্যমে তা ছেয়ে যাচ্ছে কাশ্মীরে!

লাদাখ সীমান্তে যখন সংঘাত চলছে তখন চীনের বিরুদ্ধে নতুন ষড়যন্ত্রের তথ্য সামনে আনলেন ভারতের গোয়েন্দারা। চীনের ইশারাতেই জম্মু ও কাশ্মীরে পাকিস্তান অস্ত্র ঢোকাচ্ছে। পাকিস্তানকে সেই সমস্ত অস্ত্র সরবরাহ করছে চীন।

গোয়েন্দা প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, পাকিস্তানের গুপ্তচর

সংস্থা আইএসআই-কে চীন নির্দেশ দিয়েছে, গোটা উপত্যকায় অস্ত্রে ছয়লাপ করে দিতে। প্রমাণ স্বরূপ বলা হয়েছে, গত আড়াই মাসে জম্মু ও কাশ্মীর থেকে যত অস্ত্র উদ্ধার করেছেন ভারতীয় নিরাপত্তা বাহিনী তার অধিকাংশের গায়েই চীনের চিহ্ন রয়েছে।

তবে পাকিস্তানি জঙ্গিদের অনুপ্রবেশ রুখতে দুর্ভেদ্য দুর্গ তৈরি করেছে ভারতীয় নিরাপত্তাবাহিনী। নিয়ন্ত্রণ রেখায় যে অঞ্চলগুলো অনুপ্রবেশপ্রবণ সেখানে ইতিমধ্যেই নিরাপত্তা বেষ্টনি আরও কঠোর করেছে বিএসএফ।

গোয়েন্দা রিপোর্টে বলা হয়েছে, ড্রোনের মাধ্যমে পাকিস্তান থেকে অস্ত্র ঢোকানো হচ্ছে কাশ্মীরে।

সরকারি সূত্রে আরও জানা যাচ্ছে, গোয়েন্দারা সতর্ক করে দিয়ে বলেছেন, শীত বাড়লেই নিয়ন্ত্রণ রেখা পার করে লোক ঢোকানো শুরু করতে পারে পাকিস্তান। তার কারণ, ওই সময় ঝোপঝাড় বড় হয়। তাছাড়া তুষারপাতের সময়কেও অনুপ্রবেশের জন্য ব্যবহার করতে পারে পাকিস্তান। তাই এখন থেকেই সতর্ক করে দেওয়া হয়েছে নিরাপত্তাবাহিনীকে।

গোয়েন্দারা জানতে পেরেছেন, চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডোরের মাধ্যমে হেক্সাকপ্টার কিনেছে পাকিস্তান। অস্ত্র পাঠানোর জন্য সেগুলোকে ব্যবহার করছে।

তবে কাশ্মীরের স্থানীয়রাও যে এ বিষয়ে যুক্ত হচ্ছে তাও বলা হয়েছে গোয়েন্দা রিপোর্টে, যা নিয়ে উদ্বেগ রয়েছে নিরাপত্তাবাহিনীর মধ্যেও। গত ১০ সেপ্টেম্বর নিয়ন্ত্রণ রেখার পরিস্থিতি খতিয়ে দেখতে কাশ্মীর গিয়েছিলেন সেনা প্রধান মনোজ মুকুন্দ নারাভানে। বিএসএফ ও সেনাবাহিনীকে প্রয়োজনীয় নির্দেশ দিয়ে এসেছিলেন তিনি। তার মধ্যেই গোয়েন্দা রিপোর্টে উঠে এল চাঞ্চল্যকর তথ্য।

দিন কয়েক আগেই জম্মু ও কাশ্মীরের রাজৌরি জেলা থেকে তিন জঙ্গিকে গ্রেফতার করে গোলাবারুদ-সহ বেশ কিছু অস্ত্র উদ্ধার করা হয়। ধৃত তিনজন দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামা জেলার বাসিন্দা। তারা রাজৌরিতে অস্ত্র আনতে গিয়েছিল। অস্ত্রগুলো ড্রোনের মাধ্যমে পাকিস্তান থেকে সরবরাহ করা হচ্ছিল বলে জানা যায়। সূত্র: দ্য ওয়াল

সূত্র- বিডি প্রতিদিন

একটি মানুষও গৃহহীন থাকবে না- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হেসেন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেভাবে দেশ কে এগিয়ে নিয়ে যাচ্ছে তা নজির বিহীন। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি একটি মানুষও গৃহহীন থাকবে না, সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করছে সরকার।

বুধবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে দূর্যোগ ও ত্রান মন্ত্রনালয়ের উদ্যোগে ১৩৫টি দূর্যোগ সহনীয় ঘরের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, সারা বিশে^র মধ্যে দুরদর্শী নেত্রী শেখ হাসিনা। তিনি যা বলেন তা করে দেখান। দেশের মানুষ যাতে শান্তিতে বসবাস করতে পারে সেজন্য গৃহহীনদের খুঁজে খুঁজে ঘর দেওয়া হবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, করোনার ক্রান্তিকালে আমাদের নেত্রী অত্যন্ত বিচক্ষনতার সাথে দেশ পরিচালনা করছেন। উনার দুরদর্শী নেতৃত্বে দেশের করোনা পরিস্থিতি এখন অনেকটায় স্বাভাবিক। তবে দ্বিতীয় ওয়েভ যদি আসে সেজন্য আমাদের সবাইকে সচেতন থাকতে হবে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মেহেরপুরের পলিশ সুপার এসএম মুরাদ আলী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, সুবিধাভোগী জনগণসহ স্থানীয় নেতৃবৃন্দরা।

নূর অপরাধ করলে বিচার করুন, হয়রানি নয় : ডা. জাফরুল্লাহ

গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক সহ-সভাপতি (ভিপি) নুরুল হক নূর অন্যায় করলে তার বিচার করুন। তাই বলে হয়রানি করা যাবে না। তাকে ঘর থেকে বের হতে দেবেন না, এটা হয় না।

আজ বৃহস্পতিবার ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতাল মিলনায়তনে ডিজিটাল নিরাপত্তা আইনে সাংবাদিক, রাজনীতিবিদ ও বিভিন্ন পেশাজীবীসহ অন্যান্যদের গ্রেফতার হয়রানি এবং সাবেব ভিপি নুরুল হক নূরের বিরুদ্ধে মামলা ও সমসাময়িক বিষয়ে কথা বলতে গিয়ে তিনি এ কথা বলেন।

ডা. জাফরুল্লাহ বলেন, আমি খুব বেদনায় আছি যে, আমাদের ভিপি নূর, সে যদি অন্যায় করে থাকে তাহলে তার বিচার হবে। তাই বলে হয়রানি করা যাবে না। তাকে আপনি বের হতে দেবেন না, এটা হয় না। জনগণকে বের হতে দিচ্ছেন না এজন্য দেশে নৈরাজ্য চলছে।

তিনি বলেন, ‘দুর্নীতি কোথায় নেই? শিক্ষা বিভাগের ডিজি (মহাপরিচালক) সাহেবও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত, একটা ড্রাইভারও অভিযুক্ত। অপরদিকে, শিক্ষিত মানুষ, উপাচার্য মহোদয়, ওনার চাকরি হলো রংপুরে থাকেন ঢাকায়। এটা কি দুর্নীতি না? কেন তাদেরকে ঢাকায় থাকতে হবে? এসব দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার না হলে আমাদের সামনে দুর্দিন আসছে।

ডিজিটাল সিকিউরিটি আইন বিষয়ে তিনি বলেন, এ আইনও হচ্ছে বিনা বিচারে শাস্তি প্রদানের শামিল। রাজনীতিবিদদের সহনশীল হতে হবে। আপনারা ক্রিটিসিজম সহ্য না করতে পারলে তো রাজনীতিবিদ হওয়া যাবে না

সূত্র- বিডি-প্রতিদিন

পাপিয়া দম্পতির যাবজ্জীবন কারাদণ্ড চায় রাষ্ট্রপক্ষ

ক্যাসিনোকাণ্ডে গ্রেফতার হওয়া যুব মহিলা লীগের বহিষ্কৃত নেত্রী শামীমা নূর পাপিয়া ও তার স্বামী মফিজুর রহমান ওরফে মতি সুমনের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড দাবি করেছে রাষ্ট্রপক্ষ।

অস্ত্র আইনে দায়ের হওয়া মামলায় বৃহস্পতিবার ঢাকা মহানগর দায়রা জজ কে এম ইমরুল কায়েশের আদালতে রাষ্ট্রপক্ষের যুক্তি উপস্থাপন শুনানি শেষে এ দাবি করেন ঢাকা মহানগর পাবলিক প্রসিকিউটর আব্দুল্লাহ আবু।

বৃহস্পতিবার রাষ্ট্রপক্ষ ও পাপিয়ার স্বামী মতি সুমনের পক্ষের আইনজীবী যুক্তি উপস্থাপন শেষ করেন এবং অপর আসামি পাপিয়ার বিষয়ে যুক্তি উপস্থাপন শেষ না হওয়ায় শুনানির জন্য ফের ২৭ সেপ্টেম্বর দিন ধার্য করেন আদালত।
আব্দুল্লাহ আবু বলেন, মামলার সাক্ষ্য-প্রমাণে আসামিদের বিরুদ্ধে আমরা অভিযোগ প্রমাণ করতে সক্ষম হয়েছি। আশা করছি, রায়ে আসামিদের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড হবে।

এ মামলায় গত ৮ সেপ্টেম্বর ১২ জন সাক্ষীর মধ্যে ১২ জনেরই সাক্ষ্যগ্রহণ শেষ হয়। এর আগে ২৩ আগস্ট ঢাকা মহানগর দায়রা জজ কে এম ইমরুল কায়েশ আসামিদের বিরুদ্ধে চার্জ গঠন করেন।

সূত্র- বিডি-প্রতিদিন

পানি বিক্রি করে চীনের ধনীতম ব্যক্তি, পেছনে ফেললেন জ্যাক

মাকে

তাকে সবাই বলে ‘লোন উলফ’। অর্থাৎ একাকী নেকড়ে। আসল নাম ঝোং সানসান। স্রেফ বোতলভর্তি পানি আর ভ্যাকসিন বেচে তিনি হয়েছেন চীনের ধনীতম ব্যক্তি। তার সম্পত্তির পরিমাণ ৫৮৭০ কোটি ডলার। অর্থাৎ প্রায় ৪৯ হাজার কোটি টাকা। এর আগে যিনি চিনের ধনীতম ব্যক্তি ছিলেন, সেই জ্যাক মা-র তুলনায় তার সম্পত্তি ২০০ কোটি ডলার বেশি। ব্লুমবার্গ বিলিওনেয়ার ইনডেক্স থেকে এই তথ্য পাওয়া গিয়েছে।

ঝোং এখন এশিয়ার দ্বিতীয় ধনীতম ব্যক্তি। তার আগে আছেন কেবল ভারতের শিল্পপতি মুকেশ আম্বানী। বিশ্বে ধনীতমদের তালিকায় ঝোং আছেন ১৭ নম্বরে। চার্লস কোচ ও ফিল রাইটসের মতো অতি ধনীদের পিছনে ফেলে তিনি এগিয়ে গিয়েছেন।

২০২০ সালে ঝোং-এর সম্পত্তির পরিমাণ বৃদ্ধি পেয়েছে ৫১৯০ কোটি ডলার। অ্যামাজন ডট কম ইনকর্পোরেটেডের মালিক জেফ বেজোস ও টেসলা ইনকর্পোরেটেডের ইলোন মাস্ক বাদে এবছর আর কারও সম্পত্তি এত বেশি পরিমাণে বৃদ্ধি পায়নি। গত বুধবার অবশ্য অ্যামাজন আর টেসলা, দু’টি সংস্থারই শেয়ারের দর ব্যাপক কমেছে। ইলোন মাস্কের সম্পত্তির পরিমাণ কমেছে ১ হাজার কোটি ডলার।

ঝোং-এর বোতলভর্তি পানির কোম্পানির নাম নংফু স্প্রিং কর্পোরেশন। হংকং-এ বিনিয়োগকারীদের মধ্যে এই ব্র্যান্ডটি খুবই জনপ্রিয়। চলতি মাসের শুরুতে ঝোং চীনের তিন ধনীতম ব্যক্তির তালিকায় স্থান পেয়েছিলেন। গত এপ্রিলে চীনের ভ্যাকসিন নির্মাতা সংস্থা ওয়ানতাই বায়োলজিক্যাল ফার্মেসি এন্টারপ্রাইস কোম্পানি শেয়ার বাজারে নথিভুক্ত হয়। এর ফলে আগাস্টে ঝোং এর মোট সম্পদের পরিমাণ দাঁড়ায় ২ হাজার কোটি ডলার।

সাধারণত বিভিন্ন প্রযুক্তি সংস্থার মালিকরা চীনে ধনীতমদের তালিকায় থাকেন। আলিবাবার মালিক জ্যাক মা গত ছ’বছর ধরে চীনের ধনীদের শীর্ষে ছিলেন। আপাতত ঝোং তাকে টপকে গিয়েছেন বটে কিন্তু সম্ভবত খুব শীঘ্র জ্যাক মা আগের অবস্থানে ফিরে যাবেন। পর্যবেক্ষকরা এমনই মনে করছেন।

গত বুধবার বিশ্ব জুড়ে প্রযুক্তি সংস্থাগুলোর শেয়ারের দর কমেছে। সবচেয়ে কমেছে আমেরিকায়। সবচেয়ে বেশি কমেছে ইলোন মাস্কের

কোম্পানির শেয়ারের দাম। ব্লুমবার্গের ৫০০ জন ধনীতমের তালিকায় থাকা আর কোনও ব্যক্তির কোম্পানির শেয়ারের দর অত কমেনি। জেফ বেজোসের সম্পত্তির দাম কমেছে ৭১০ কোটি ডলার। এখন ইলোন মাস্কের সম্পত্তির পরিমাণ ৯৩২০ কোটি ডলার। জেফ বেজোসের সম্পত্তির পরিমাণ ১৭ হাজার ৮০০ কোটি ডলার।

সূত্র- বিডি-প্রতিদিন

দক্ষিণ কোরিয়ার কর্মকর্তাকে হত্যা করে আগুনে পোড়াল উত্তর কোরিয়া!

দক্ষিণ কোরিয়ার একজন কর্মকর্তাকে গুলি করে হত্যা করে পুড়িয়ে ফেলার অভিযোগ উঠেছে উত্তর কোরিয়ার বিরুদ্ধে। আজ বৃহস্পতিবার দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনী এতথ্য জানিয়েছে। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তির দাবি জানানো হয়। খবর আল-জাজিরার।

প্রতিবেদনে বলা হয়েছে, সীমান্তের কাছে একটি টহল নৌকা থেকে তিনি নিখোঁজ হন। পরে তাকে উত্তর কোরিয়ার জলসীমায় পাওয়া যায়। উত্তর কোরিয়ার সেনারা তাকে গুলি করে তার মরদেহে তেল ঢেলে দিয়ে আগুন ধরিয়ে দিয়েছে।

দক্ষিণ কোরিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় এ হত্যাকাণ্ডকে ‘নিষ্ঠুর কর্মকাণ্ড’ বলে এর নিন্দা জানিয়েছে।

এক বিবৃতিতে মন্ত্রণালয়টি জানায়, উত্তর কোরিয়াকে কঠোরভাবে সতর্ক করে দেওয়া হচ্ছে যে, এ ঘটনার জন্য তাকে দায় নিতে হবে।

তবে দক্ষিণ কোরিয়ার এমন অভিযোগের এখন পর্যন্ত কোনো প্রতিক্রিয়া জানায়নি উত্তর কোরিয়া।